দৈনিক ইনকিলাব
তারিখ 31 JAN 2006
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ফেব্রুয়ারীতে আরো ৬ হাজার বেসরকারী শিক্ষক পেনশন পাচ্ছেন

ইনকিলাব রিপোর্ট

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ৬ হাজার ২শ' শিক্ষক-কর্মচারী ফেব্রুয়ারী মাসের মধ্যেই [illegible] অবসর সুবিধার (পেনশন) চেক পাচ্ছেন। এর মধ্যে ২০০৪ সালে অবসরগ্রহণকারী চার হাজার একশ ৫৯ এবং ২০০৫ সালের অক্টোবর পর্যন্ত অবসর গ্রহণকারী ২ হাজার ২৭ জন শিক্ষক-কর্মচারী রয়েছেন। এ পর্যায়ে ৬ হাজার ২ শিক্ষক কর্মচারীকে ৮৯ কোটি ৮১ লাখ ৬০ হাজার ৫৬১ টাকা ২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## ফেব্রুয়ারীতে পেনশন পাচ্ছে

প্রথম পৃষ্ঠার পর

প্রদান করা হবে। এর মধ্যে ২০০৪ সালে অবসরগ্রহণকারী শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ৫৫ কোটি ১০ লাখ ৬৫ হাজার ২৬০ টাকা এবং ২০০৫ সালে অবসরগ্রহণকারী শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ৩৪ হাজার ৭১ লাখ ৯৫ হাজার ৩০১ টাকা অনুমোদন করা হয়েছে বলে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ডের চেয়ারম্যানের দপ্তর থেকে জানানো হয়েছে। বলা হয়েছে যে, গত ২৭ ডিসেম্বর অনুষ্ঠিত বোর্ডের ১১তম সভায় এই অনুমোদন দেয়া হয়েছে। এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পক্ষ থেকে বলা হয়েছে যে, পহেলা ফেব্রুয়ারী থেকে এসব চেক অবসরগ্রহণকারী শিক্ষকদের নিজ নিজ ঠিকানায় রেজিস্টার্ড ডাকে পাঠানো হবে। পেনশনের টাকা পেতে কোন শিক্ষক-কর্মচারীকে অবসর সুবিধা বোর্ড অফিসে আসা বা কোন কর্মকর্তার কাছে ধর্ণা দেয়ার প্রয়োজন নেই।

এ বিষয়ে গতকাল (সোমবার) শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট একজন পদস্থ কর্মকর্তা জানান, অবসর সুবিধা বোর্ড গঠন ও এ খাতে সরকারী টাকা বিভিন্ন কিস্তিতে ছাড় করা হলেও আইনগত নানা জটিলতা অবসর সুবিধা কার্যকর করতে অনেকটা বিলম্ব হয়েছে। অবসর গ্রহণকারী বিপুল সংখ্যক শিক্ষক-কর্মচারীর পেনশন সুবিধার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে এ বোর্ডে যে জনবল প্রয়োজন তা এখনও নিয়োগ দেয়া সম্ভব হয়নি। নেই প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা। এরপরও অক্টোবরের পূর্ব পর্যন্ত অস্থায়ীভাবে নিয়োগ করা একজন প্রশাসনিক কর্মকর্তার দ্বারা গত বছরের এপ্রিল মাস থেকে ২ হাজার ৫৯৫ জন অবসরগ্রহণকারী শিক্ষক-কর্মচারীকে পেনশনের চেক হস্তান্তর করা হয়েছে। ২০০২ সালের ডিসেম্বর মাস থেকে ২০০৩ সালের ডিসেম্বর পর্যন্ত অবসরগ্রহণকারী এ শিক্ষক-কর্মচারীদের পেনশন হিসেবে প্রদান করা হয়েছে ৩২ কোটি ৫২ লাখ ৭৯ হাজার ৩৪২ টাকা।

তিনি জানান, দিনে দিনে পেনশন সুবিধা ভোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় সরকারী সিদ্ধান্ত অনুযায়ী গত অক্টোবরে প্রেষণে শিক্ষা ক্যাডারের একজন সহযোগী অধ্যাপককে উপ-পরিচালক, ৪ জন সহকারী অধ্যাপককে সহকারী পরিচালক এবং ২ জন প্রভাষককে মূল্যায়ন কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। এছাড়া অস্থায়ী ভিত্তিতে ৩ জন

অবসর সুবিধা বোর্ডের একজন সহ পরিচালক ইনকিলাবকে জানান, বর্ত অবসর সুবিধা বোর্ডের তহবিলে স্থায়ী আ হিসেবে এক কোটি ২৮ লাখ এবং শি কর্মচারীদের চাঁদা বাবদ ৮৯ কোটি ব্যাংকের হিসাবে রয়েছে।

জানা গেছে, বিগত বিএনপি সরকারের অ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দেয়া প্রতি কার্যকর হয় জোট সরকার দায়িত্ব গ্রহণের ২০০২ সালের ২৪ জানুয়ারীতে। ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এক অনু আনুষ্ঠানিকভাবে ৫ জন শিক্ষক-কর্মচা প্রতীকী পেনশন সুবিধার চেক হস্তান্তর কা এরপর ২০০২ সালের ডিসেম্বর অবসরগ্রহণকারী ১৯৭ জন শিক্ষক-কর্মচা ২ কোটি ৬৬ লাখ টাকার পেনশন সুবিধার হস্তান্তর করা হয়। দ্বিতীয় দফায় দেয়া ২০০৩ সালের মার্চ পর্যন্ত এক হাজার জনকে প্রায় সাড়ে ১২ কোটি টাকার ২০০৩-এর ডিসেম্বর পর্যন্ত অবসরগ্রহণ আরো এক হাজার ৩৩৮ জনকে ১৭ কোটি লাখ ৭১ হাজার ৭৮৮ টাকার চেক প্রদান হয়।